# KP SI 2022 PYQ Bengali

**Q1.** কত সালে ভারতীয় নাগরিকত্ব আইন পাশ হয়?
(a) 1955
(b) 1957
(c) 1952
(d) 1958

**Q2.** নিজের কোনটি একটি জীবন্ত জীবাশ্মের উদাহরণ নয়?
(a) সী-অর্চিন
(b) লিমুলাস
(c) স্ফেনোডন
(d) কোয়েলাকান্থ

**Q3.** নিচের চিত্রটিতে প্রশ্নবোধক স্থানের উপযুক্ত সংখ্যাটি কত?

| | |
|---|---|
| 3 | 2 |
| 4 | 24 |

| | |
|---|---|
| 2 | –1 |
| –2 | 4 |

| | |
|---|---|
| 6 | 5 |
| 0 | ? |

(a) 11
(b) 0
(c) 1
(d) 30

**Q4.** প্রাচীন সংস্কৃত গ্রন্থে 'যবনপ্রিয়' বলতে নিম্নোক্ত কোনটিকে বোঝানো হত?
(a) নৃত্যশিল্পীগণ
(b) গোলমরিচ
(c) হাতির দাঁত
(d) উৎকৃষ্ট মানের মসলিন

**Q5.** কততম সংবিধান সংশোধনের মাধ্যমে ভারতীয় সংবিধানে মৌলিক কর্তব্যগুলিকে অন্তর্ভুক্ত করা হয়?
(a) 92
(b) 42
(c) 38
(d) 76

**Q6.** একটি সাংকেতিক লিপিতে 253 মানে ‘books are old’, 546 মানে ‘man is old’ এবং 378 মানে ‘buy good books’ হলে ‘are’ -এর সংকেত কী হবে?
(a) 5
(b) 6
(c) 2
(d) 4

**Q7.** ইংরেজ সরকার কর্তৃক প্রদত্ত যে উপাধিটি মহাত্মা গান্ধী অসহযোগ আন্দোলনের সময় বর্জন করেন সেটি হল
(a) ভারতরত্ন
(b) কাইজার-এ-হিন্দ
(c) ফ্রন্টিয়ার গান্ধী
(d) রায়বাহাদুর

**Q8.** যদি একটি বর্গক্ষেত্রের কর্ণ দ্বিগুণ করা হয়, তবে তার ক্ষেত্রফল কত গুণ হবে?
(a) দ্বিগুণ
(b) চারগুণ
(c) তিনগুণ
(d) একই থাকবে

**Q9.** নিম্নোক্ত কোনটি একটি অপুষ্পক উদ্ভিদের উদাহরণ নয়?
(a) পাইনাস
(b) শৈবাল
(c) স্পাইরোগাইরা
(d) অ্যাগারিকাস

**Q10.** সাত জন ব্যক্তি A, B, C, D, E, F এবং G একটি সরলরেখায় দাঁড়িয়ে আছে।
D, G-এর ডানদিকে আছে।
C, A এবং B-র মাঝখানে আছে।
E, F এবং D-র মাঝখানে আছে।
G এবং B-র মাঝখানে তিনজন ব্যক্তি আছে।
একদম বাঁদিকে কে দাঁড়িয়ে আছে?
(a) A
(b) G
(c) D
(d) B


**Q11.** টোডরমল কীসের সঙ্গে যুক্ত ছিলেন?
(a) আইন
(b) সাহিত্য
(c) সংগীত
(d) অর্থনীতি

**Q12.** 2055-এর সঙ্গে কোন ক্ষুদ্রতম সংখ্যাটি যোগ করলে, যোগফল 27 দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?
(a) 24
(b) 27
(c) 31
(d) 28

**Q13.** যে দুজন মোগল সম্রাট আত্মজীবনী লিখেছিলেন, তারা হলেন
(a) জাহাঙ্গীর ও শাহজাহান
(b) হুমায়ুন ও জাহাঙ্গীর
(c) বাবর ও হুমায়ুন
(d) বাবর ও জাহাঙ্গীর

**Q14.** অনির্বাণ লাহিড়ী কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) গলফ
(b) ঘোড়দৌড়
(c) দাবা
(d) পোলো


**Q15.** নিম্নোক্ত জ্যামিতিক চিত্রের মধ্যে কোন সংখ্যাটি সবকটি চিত্রেই আছে?





(a) 8
(b) 4
(c) 3
(d) 5


**Q16.** যদি কোনো একটি আমানতের 2 বছরে 5% হারে চক্রবৃদ্ধি ও সরল সুদের অন্তর 122 টাকা হয়, তবে আমানতের পরিমাণ কত?
(a) 48800 টাকা
(b) 15000 টাকা
(c) 14000 টাকা
(d) 16000 টাকা


**Q17.** একটি কাগজের খণ্ডকে ভাঁজ করে কাটা হল যেমনভাবে দেখানো হয়েছে নিচের প্রশ্নসূচক চিত্রটিতে। নিচের চারটি চিত্রের মধ্যে কোনটি পাওয়া যাবে যখন কাগজ খন্ডটিকে আবার খোলা হবে?
প্রশ্নসূচক চিত্র:




সম্ভাব্য উত্তর সূচক চিত্রাবলি:

(a) 

(b) 

(c) 


(d) 

**Q18.** কালা রামচন্দ্রন কোন শহরের প্রথম মহিলা পুলিশ কমিশনার রূপে নিযুক্ত হয়েছেন?
(a) লক্ষ্নৌ
(b) গুরুগ্রাম
(c) হায়দ্রাবাদ
(d) চেন্নাই

**Q19.** যদি A + B = C + D এবং A + D > B + C হয়, তবে নিচের কোনটি নিশ্চিতভাবে ভুল?
(a) B > D
(b) A > C
(c) A > B
(d) C > D

**Q20.** 'নিশীথ সূর্যের দেশ' কোন দেশটিকে বলা হয়?
(a) সুইডেন
(b) আইসল্যান্ড
(c) গ্রীনল্যান্ড
(d) নরওয়ে

**Q21.** 863 টাকায় একটি শার্ট বিক্রি করে যত লাভ হয়, 631 টাকায় বিক্রি করলে ঠিক তত টাকায় ক্ষতি হয়। শার্টটির ক্রয়মূল্য কত?
(a) 747 টাকা
(b) 800 টাকা
(c) 750 টাকা
(d) 763 টাকা

**Q22.** নিচের চিত্রটিতে কতগুলি ত্রিভুজ আছে?

(a) 14
(b) 28
(c) 24
(d) 20

**Q23.** সাতবাহন বংশের শ্রেষ্ঠ সম্রাট কে ছিলেন?
(a) দ্বিতীয় পুলকেশী
(b) যাজ্ঞকেশী
(c) প্রথম সাতকর্ণী
(d) গৌতমীপুত্র সাতকর্ণী

**Q24.** 14785 – 358 – 4158 – 9514 = ?
(a) 785
(b) 825
(c) 755
(d) 721

**Q25.** শ্রীরঙ্গপত্তনমের সন্ধি টিপু সুলতান ও কার মধ্যে স্বাক্ষরিত হয়েছিল?
(a) ওয়ারেন হেস্টিংস
(b) কর্নওয়ালিস
(c) রবার্ট ক্লাইভ
(d) ডালহৌসি

**Q26.** প্রকৃতিতে মুক্ত অবস্থায় প্রাপ্ত সালফারকে কী বলা হয়?
(a) জিপসাম
(b) সিনাবার
(c) ব্রিকস্টোন
(d) ব্রিমস্টোন

**Q27.** একটি মানচিত্রে যে রেখার দ্বারা সমান বৃষ্টিপাত সমন্বিত স্থানগুলিকে নির্দেশ করা হয়, তার নাম কি?
(a) আইসোরেইন
(b) আইসোহেল
(c) কন্টুর লাইন
(d) আইসোহোয়েট

**Q28.** ক্ষুদ্রতম ধনাত্মক পূর্ণ সংখ্যাটি নির্ণয় করো, যাকে 392 দ্বারা গুণ করলে একটি পূর্ণবর্গ সংখ্যা হয়।
(a) 7
(b) 3
(c) 2
(d) 5

**Q29.** প্রশ্নবোধক (?) স্থানে কি বসবে?

| | | |
|---|---|---|
| 7 | 4 | 5 |
| 8 | 7 | 6 |
| 3 | 3 | ? |
| 29 | 19 | 31 |

(a) 6
(b) 4
(c) 3
(d) 5

**Q30.** অ্যাক্সনের সবথেকে বাইরের আবরণটির নাম কী?
(a) সাইন্যাপস
(b) অ্যাক্সোপ্লাজম
(c) ডেনড্রাইট
(d) নিউরোলেমা

**Q31.** নীচে একটি বাক্য ও কিছু সিদ্ধান্ত দেওয়া আছে। বাক্যটির উপর নির্ভর করে কোন যুক্তিসম্মত সিদ্ধান্তটি গ্রহণ করা যায়?
বাক্য: দোকানটির বেশিরভাগ পোশাকই দামি।
সিদ্ধান্ত:
(a) দোকানের কিছু পোশাক দামি।
(b) দোকানের তাঁতে বোনা পোশাকগুলি সস্তা।
(c) দোকানটিতে কোনো সস্তা পোশাকই পাওয়া যায় না।
(d) দোকানে সস্তা পোশাকও পাওয়া যায়।

**Q32.** কোন ভিটামিনের অভাবজনিত কারণে রিকেট রোগ হয়?
(a) ভিটামিন - D
(b) ভিটামিন - B
(c) ভিটামিন - A
(d) ভিটামিন - C

**Q33.** অসম সংখ্যাজোড়টি নির্ণয় করো।
(a) 104 : 78
(b) 96 : 80
(c) 64 : 48
(d) 80 : 60

Adda247 বাংলা

**Q34.** রেলওয়ে স্টাফ কলেজ কোথায় অবস্থিত?
(a) মুসৌরি
(b) হায়দ্রাবাদ
(c) পুনে
(d) ভদোদরা

**Q35.** 12 জন ব্যক্তি 1.5 কিমি রাস্তা 7 দিনে তৈরি করতে পারে। 28 জন ব্যক্তি 12 কিমি রাস্তা কত দিনে তৈরি করবে?
(a) 38 দিনে
(b) 24 দিনে
(c) 20 দিনে
(d) 28 দিনে

**Q36.** নিচের কোনটি একটি রাসায়নিক পরিবর্তনের উদাহরণ?
(a) জল থেকে বরফের রূপান্তরীকরণ
(b) লোহার চৌম্বকীকরণ
(c) কাগজের দহন
(d) জলে চিনির দ্রবীভূত হওয়া

**Q37.** A এবং B -এর বর্তমান বয়সের অনুপাত 5 : 6 । 7 বছর পর এই অনুপাতটি 6 : 7 -এ দাঁড়ায়। A -এর বর্তমান বয়স কত?
(a) 32 বছর
(b) 30 বছর
(c) 33 বছর
(d) 35 বছর

**Q38.** কোন কেন্দ্রীয় মন্ত্রক প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা' প্রকল্পটি বাস্তবায়িত করেন?
(a) পঞ্চায়েত মন্ত্রক
(b) সড়ক পরিবহন ও জাতীয় সড়ক মন্ত্রক
(c) কৃষি মন্ত্রক
(d) গ্রামোন্নয়ন মন্ত্রক

**Q39.** Y-এর 56% 182 হলে, Y- এর মান কত?
(a) 330
(b) 364
(c) 350
(d) 325

**Q40.** ভারতবর্ষ নিম্নলিখিতের মধ্যে কোন দেশ থেকে সর্বাধিক অপরিশোধিত তেল আমদানি করে?
(a) ইরান
(b) ইরাক
(c) ইউক্রেন
(d) আমেরিকা যুক্তরাষ্ট্র

**Q41.** উদ্ভিদ দেহে ট্রপিক চলন নিয়ন্ত্রণকারী হরমোনটির নাম কী?
(a) হেটেরোক্সিন
(b) জিব্বেরেলিন
(c) সাইটোকাইনিন
(d) অক্সিন

**Q42.** সুনিতা তার স্কুটিটি নিয়ে উত্তরদিকে চলা শুরু করল। এরপর সে বামদিকে ঘুরল ও কিছুদূর গেল। এরপর আবার বাম দিকে ঘুরে সে 4 কিমি পথ গেল। বর্তমানে সে তার শুরুর স্থান থেকে ঠিক 2 কিমি পশ্চিমে অবস্থান করলে, সে শুরুতে উত্তরদিকে কত দূরত্ব গিয়েছিল?

(a) 4 কিমি

(b) 2 কিমি

(c) 6 কিমি

(d) 5 কিমি

**Q43.** কোষের তড়িচ্চালক বলের একক কী?

(a) ডাইন

(b) ভোল্ট

(c) অ্যাম্পিয়ার

(d) জুল

**Q44.** A একটি কাজ 12 দিনের সমাপ্ত করে। A এবং B একত্রে ওই একই কাজ 8 দিনে সমাপ্ত করে। B একা কত দিনে কাজটি সমাপ্ত করতে পারবে?

(a) 28 দিনে

(b) 18 দিনে

(c) 15 দিনে

(d) 24 দিনে

**Q45.** এশিয়ার দীর্ঘতম নদীর নাম কী?

(a) ইয়াং-সি-কিয়াং

(b) হোয়াংহো

(c) মেকং

(d) টাইগ্রিস

**Q46.** নিচের শব্দটির বর্ণগুলি নিয়ে নিম্নলিখিত কোন শব্দটি তৈরি করা যাবে না?

CUMBERSOME

(a) SOBER

(b) ROME

(c) MOUSE

(d) MERCY

**Q47.** নিম্নলিখিত কোন সম্রাট 'কুনিক' নামে পরিচিত ছিলেন?

(a) অশোক

(b) বিন্দুসার

(c) বিম্বিসার

(d) অজাতশত্রু

**Q48.** বিখ্যাত নৃত্যশৈলী 'সালসা'র উদ্ভব কোন দেশে?


(a) জামাইকা

(b) পোর্তুগাল

(c) স্পেন

(d) কিউবা

**Q49.** নীচের চিত্রটিতে প্রশ্নবোধক স্থানের উপযুক্ত সংখ্যাটি কত?




(a) 12
(b) 16
(c) 18
(d) 17

**Q50.** Haematology : Blood : : Phycology : ?
(a) Fishes
(b) Algae
(c) Diseases
(d) Fungi

**Q51.** ভারতের জাতীয় বিমানসংস্থা, এয়ার ইন্ডিয়া সরকারিভাবে কাকে হস্তান্তর করা হয়েছে?
(a) স্পাইসজেট
(b) ইন্ডিগো এয়ারলাইন্স
(c) টাটা গ্রুপ
(d) জেট এয়ারওয়েজ

**Q52.** একটি অ্যাম্বুলেন্স চালক একই দিকে চলা একটি বাসকে তার সামনে 40 মিটার দূরত্বে দেখতে পায়। 20 সেকেন্ড পরে বাসটি তার 60 মিটার পিছনে চলে যায়। যদি অ্যাম্বুলেন্সটির গতিবেগ 30 কিমি/ঘন্টা হয়, তাহলে বাসটির গতিবেগ কত ছিল?
(a) 22 কিমি/ঘন্টা
(b) 12 কিমি/ঘন্টা
(c) 10 কিমি/ঘন্টা
(d) 15 কিমি/ঘন্টা

**Q53.** পলাশির যুদ্ধ কত সালে হয়েছিল?
(a) 1787
(b) 1766
(c) 1757
(d) 1780

**Q54.** একটি আয়তক্ষেত্রাকার জমির দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত 6 : 5। যদি জমিটির প্রস্থ, দৈর্ঘ্যের থেকে 34 মিটার কম হয়, তবে আয়তাকার জমিটির পরিসীমা কত?
(a) 748 মিটার
(b) 408 মিটার
(c) 374 মিটার
(d) 814 মিটার

**Q55.** একটি সংখ্যার $\frac{1}{5}$ -এর $\frac{2}{9}$ –এর $\frac{3}{4}$ অংশ 249.6 হলে, সংখ্যাটির 50% কত?
(a) 3734
(b) 3794
(c) 3744
(d) 3749

**Q56.** $[(12)^2 \times (14)^2] \div (16)^2 = ?$
(a) 104.25
(b) 282.24
(c) 110.25
(d) 126


**Q57.** কুষাণ সম্রাট কনিষ্ক কার কাছে বৌদ্ধধর্মে দীক্ষা লাভ করেন?
(a) বিষ্ণুগোপ
(b) অশ্বঘোষ
(c) অগ্রসেন
(d) বিরুপাক্ষ

**Q58.** যদি ইংরেজি বর্ণমালাকে Z থেকে A এই ক্রমে বিপরীতভাবে লেখা হয়, তাহলে 'O' এর ডানদিকে অষ্টম স্থানে কোন বর্ণ থাকবে?
(a) W
(b) G
(c) F
(d) V


**Q59.** বি. সি. রায় পুরস্কার কোন বিভাগে দেওয়া হয়?
(a) পরিবেশ
(b) সাংবাদিকতা
(c) সংগীত
(d) চিকিৎসাশাস্ত্র


**Q60.** সমুদ্রগুপ্তের যুদ্ধজয়ের বিবরণী কোন 'প্রশস্তি' থেকে জানতে পারা যায়?
(a) মহীশ্বর প্রসস্তি
(b) এলাহাবাদ প্রশস্তি
(c) নাসিক প্রশস্তি
(d) হরিষেন প্রশস্তি

**Q61.** যদি MN রেখা বরাবর একটি আয়না ধরা হয়, তবে বামদিকে অঙ্কিত চিত্রের সঠিক প্রতিবিম্ব কোনটি হবে?
প্রশ্নসূচক চিত্র:




সম্ভাব্য, উত্তরসূচক চিত্রাবলী:

(a) 

(b) 

Adda247 বাংলা

(c) 

(d) 

**Q62.** 50 কিমি/ঘন্টা গতিবেগ সম্পন্ন 100 মিটার দীর্ঘ একটি ট্রেন বিপরীত দিক থেকে আসা 120 মিটার দীর্ঘ একটি ট্রেনকে 6 সেকেন্ডে অতিক্রম করে। দ্বিতীয় ট্রেনটির গতিবেগ কত?
(a) 74 কিমি/ঘন্টা
(b) 82 কিমি/ঘন্টা
(c) 60 কিমি/ঘন্টা
(d) 70 কিমি/ঘন্টা

**Q63.** ভারত সরকার ইউক্রেন থেকে ভারতবাসীদের ফিরিয়ে আনার জন্য , যে অপারেশনটি চালাচ্ছেন তার নাম হল -
(a) অপারেশন গঙ্গা
(b) অপারেশন যমুনা
(c) অপারেশন ভারত
(d) অপারেশন সরস্বতী

**Q64.** যদি তুমি জানতে পারো যে তোমার ঊর্ধ্বতন কর্তৃপক্ষ উচ্চতর কর্তৃপক্ষকে একটি মিথ্যা রিপোর্ট দিচ্ছে, তুমি কি করবে?
(a) উপেক্ষা করবে ও শান্ত থাকবে।
(b) অন্যান্য সহকর্মীদের সাথে আলোচনা করে তারপর সম্মিলিতভাবে পদক্ষেপ গ্রহণ করবে।
(c) ঊর্ধ্বতন ব্যক্তির সঙ্গে সরাসরি দেখা করে তাঁর কাজের প্রতিবাদ করবে।
(d) যেকোনোভাবে ঘটনাটি সবার নজরে নিয়ে আসবে।

**Q65.** প্রশ্নবোধক স্থানের মান নির্ণয় করো :
$(-251 \times 21 \times -12) \div ? = 158.13$
(a) 150
(b) 400
(c) 250
(d) 300

**Q66.** তেজস্ক্রিয় 'রেডিয়াম' আবিষ্কারে নিম্নোক্ত কোন বৈজ্ঞানিকের নাম যুক্ত ছিল?
(a) মাইকেল ফ্যারাডে
(b) অ্যালবার্ট আইনস্টাইন
(c) আইস্যাক নিউটন
(d) মেরী কুরী

**Q67.** একটি সাংকেতিক লিপিতে ' MOUSE' হল 'PRUQC'। 'SHIFT' এর সংকেত কি হবে?
(a) VJIDR
(b) VIKRD
(c) RKIVD
(d) VKIDR

**Q68.** কোন ইংরেজ গভর্নর 'পাঁচসালা বন্দোবস্ত' প্রবর্তন করেন?
(a) ওয়েলেসলী
(b) ওয়ারেন হেস্টিংস
(c) কর্নওয়ালিস
(d) উইলিয়াম বেন্টিঙ্ক

**Q69.** আয়তনের নিরিখে পৃথিবীর বৃহত্তম দেশটি হল -
(a) ভ্যাটিকান সিটি
(b) চীন
(c) রাশিয়া
(d) অস্ট্রেলিয়া


**Q70.** $\sqrt[3]{148877}$ = ?
(a) 43
(b) 73
(c) 63
(d) 53

**Q71.** 'বাজাদা' নামক ভূমিরূপটি কোন অঞ্চলে দেখতে পাওয়া যায়?
(a) পর্বতের শিখর অঞ্চলে
(b) সমতলভূমিতে
(c) মালভূমি অঞ্চলে
(d) মরু অঞ্চলে

**Q72.** সম্ভাব্য উত্তরে চারটি চিত্র দেওয়া আছে। সঠিক উত্তরটি চয়ন করো যেটি প্রশ্নে দেওয়া পাঁচটি চিত্রের সারনীর পরবর্তী চিত্ররূপে মনোনীত করা যাবে।
প্রশ্নসূচক চিত্রাবলি:





সম্ভাব্য উত্তরসূচক চিত্রাবলি:




**Q73.** নীচে তিনটি বাক্য এবং তিনটি সিদ্ধান্ত দেওয়া আছে। কোনটি/কোন সিদ্ধান্তগুলি বাক্যগুলির সাপেক্ষে গ্রহণ করা যায়?
বাক্য - সমস্ত পুতুলই জানালা। সব বোতলই জানালা। সমস্ত গাড়িই বোতল।
সিদ্ধান্ত :
I. সমস্ত গাড়িই জানালা।
II. কিছু গাড়ি পুতুলও।
III. কিছু জানালা গাড়িও।
(a) সবকটি গ্রহণ করা যায়।
(b) শুধু II এবং III গ্রহণ করা যায়।
(c) শুধু I এবং II গ্রহণ করা যায়।
(d) শুধুমাত্র I এবং III গ্রহণ করা যায়।

**Q74.** ক্যারাকাস কোন দেশটির রাজধানী?
(a) ইকুয়েডর
(b) ভেনেজুয়েলা
(c) ফিলিপিন্স
(d) পেরু

**Q75.** কোন চিত্রটি দ্বারা নিচের শ্রেণীর শব্দগুলির পারস্পরিক সম্পর্ক সর্বাপেক্ষা উৎকৃষ্টরূপে বর্ণনা করা যায়?
পশু, স্থলে বিচরণকারী পশু, জলে বিচরণকারী পশু
(a) 
(b) 
(c) 
(d) 

**Q76.** 'দ্য রিপাবলিক' গ্রন্থের রচিয়তা কে?
(a) হোমার
(b) অ্যারিস্টটল
(c) সক্রেটিস
(d) প্লেটো

**Q77.** ব্যারোমিটারের আবিষ্কর্তা কে?
(a) অ্যামিডিও অ্যাভোগাড্রো
(b) টরিসেলী
(c) প্রিস্টলে
(d) আলেকজান্ডার গ্রাহাম বেল

**Q78.** নিচের চিত্রটিতে প্রশ্নবোধক স্থানের উপযুক্ত সংখ্যাটি কত?


(a) 97
(b) 9107
(c) 1097
(d) 907

**Q79.** কোন শহর 'ভারতের ইলেকট্রনিক শহর' নামে পরিচিত?
(a) বেঙ্গালুরু
(b) হায়দ্রাবাদ
(c) মুম্বাই
(d) গুরুগ্রাম

**Q80.** কোনো একটি ভগ্নাংশের লবকে 200% এবং হরকে 120% বৃদ্ধি করলে ভগ্নাংশটি হয় $\frac{4}{11}$ । মূল ভগ্নাংশটি কী?
(a) $\frac{6}{11}$
(b) $\frac{3}{11}$
(c) $\frac{4}{15}$
(d) $\frac{5}{12}$


**Q81.** কোন ক্ষেত্রটি থেকে ভারত সবথেকে বেশি বৈদেশিক মুদ্রা আয় করে?
(a) মশলা
(b) চা
(c) পাট
(d) তামাক

**Q82.** স্যার টমাস রো কোন মোগল সম্রাটের রাজসভায় আসেন?
(a) আওরঙ্গজেব
(b) জাহাঙ্গীর
(c) আকবর
(d) শাহাজাহান

**Q83.** 80 টি মোবাইল ফোনের গড় দাম 30000 টাকা। যদি সর্বোচ্চ ও সর্বনিম্ন দামের মোবাইল দুটি বিক্রয় হয়ে যায়, তবে বাকি 78 টি মোবাইল ফোনের গড় দাম হয় 29500 টাকা। সব থেকে দামি মোবাইল ফোনটির দাম যদি 80000 টাকা হয়, তবে সবথেকে কম দামি মোবাইল ফোনটির দাম কত?
(a) নির্ণয় করা সম্ভব নয়
(b) 15000 টাকা
(c) 18000 টাকা
(d) 19000 টাকা

**Q84.** কোনো একটি আমানত কোনো একটি নির্দিষ্ট সময়ে $6\frac{1}{4}$% সরল সুদে দ্বিগুণ হলে, উক্ত নির্দিষ্ট সময়টি কত হবে?
(a) 8 বছর
(b) $10\frac{2}{3}$ বছর
(c) 16 বছর
(d) $12\frac{1}{2}$ বছর

**Q85.** বাঁদিকে যে চিত্র দেওয়া আছে, তাকে ভাঁজ করে একটি বাক্স তৈরি করা যায়। (1), (2), (3) এবং (4) -এর মধ্যে কোন কোন বাক্স তৈরি হওয়া সম্ভব?



(a) 2 এবং 3
(b) 1, 3 এবং 4
(c) 2 এবং 4
(d) 1 এবং 4

**Q86.** উপর্যুপরি 10% এবং 20% ছাড় মোটের উপর কত শতাংশ ছাড়?
(a) 24%
(b) 28%
(c) 30%
(d) 15%

**Q87.** পৃথিবীর শুষ্কতম স্থানটি কোন মহাদেশ অবস্থিত?
(a) দক্ষিণ আমেরিকা
(b) আফ্রিকা
(c) এশিয়া
(d) অস্ট্রেলিয়া

**Q88.** রিতার দিকে দেখিয়ে নিখিল বলল, 'আমি ওর মায়ের ছেলের একমাত্র ছেলে'। রিতা নিখিলের কে হয়?
(a) তুতোভাই/বোন
(b) ভাইঝি/ভাগ্নি
(c) পিসিমা
(d) মা

**Q89.** 'ভারতের আত্মা' গ্রন্থটি রচয়িতা কে?
(a) সতীশচন্দ্র সামন্ত
(b) বিপিন চন্দ্র পাল
(c) ঋষি অরবিন্দ
(d) উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়

**Q90.** প্রথম 30 টি অখণ্ড সংখ্যার যোগফল কত?
(a) 463
(b) 468
(c) 470
(d) 465

**Q91.** বিখ্যাত চলচ্চিত্র 'রসোমন' -এর পরিচালক কে?
(a) অ্যান্তোনিওনি
(b) আন্দ্রেই তারকোভস্কি
(c) ক্রিস্টফ কিসলস্কি
(d) আকিরা কুরোশাওয়া

**Q92.** লোকসভার বর্তমান স্পিকার কে?
(a) বিমান ব্যানার্জি
(b) ওম বিড়লা
(c) মীরা কুমার
(d) ভেঙ্কাইয়া নাইডু

**Q93.** 81-কে এমন তিনভাগে ভাগ করো যাতে প্রথম ভাগের $\frac{1}{2}$ অংশ, দ্বিতীয় ভাগের $\frac{1}{3}$ অংশ এবং তৃতীয় ভাগের $\frac{1}{4}$ অংশ সমান হয়।
(a) 30, 27, 24
(b) 27, 18, 30
(c) 36, 26, 18
(d) 18, 27, 36


Adda247 বাংলা

**Q94.** 'দময়ন্তী' শীর্ষ চিত্রটি কোন বিখ্যাত শিল্পীর সৃষ্টি?

(a) রবীন্দ্রনাথ ঠাকুর

(b) নন্দলাল বসু

(c) অবনীন্দ্রনাথ ঠাকুর

(d) রাজা রবি বর্মা

**Q95.** 17 : 18 এবং 10 : 11, এই দুটি অনুপাতের মধ্যে কোনটি বৃহত্তর?

(a) নির্ণয় করা সম্ভব নয়

(b) 10 : 11

(c) 17 : 18

(d) দুটি সমান

**Q96.** কত সালে ভারতীয় সংবিধানে পঞ্চায়েতী রাজকে অন্তর্ভুক্ত করা হয়?

(a) 1990

(b) 1992

(c) 1978

(d) 1996

**Q97.** 729 মিলি একটি মিশ্রণে দুধ ও জলের অনুপাত 7 : 2। আরও কী পরিমাণ জল মেশালে নতুন মিশ্রণে দুধ ও জলের অনুপাত 7 : 3 হবে?

(a) 52 মিলি

(b) 81 মিলি

(c) 60 মিলি

(d) 71 মিলি

**Q98.** মেঘালয়ের রাজধানীর নাম কী?

(a) কোহিমা

(b) ইম্ফল

(c) শিলং

(d) আইজল

**Q99.** যদি + = ×, – = ÷, × = +, ÷ = – হয়, তবে নিম্নোক্ত কোনটি একটি সঠিক সমীকরণ?

(a) 18 × 6 – 4 + 7 × 8 = 47

(b) 18 ÷ 6 + 4 – 2 ÷ 3 = 22

(c) 18 + 6 – 4 × 2 ÷ 3 = 26

(d) 18 – 6 × 7 ÷ 2 + 8 = 63

**Q100.** RNA -র সম্পূর্ণ রূপটি কী?

(a) রেয়ার নিউক্লিক অ্যাসিড

(b) রিমোট নিউক্লিয়ার অ্যাক্টিভিটি

(c) রাইবোনিউক্লিক অ্যাসিড

(d) রেনডম নিউক্লিয়ার অ্যাসিড

# SOLUTION

**S1. Ans.(a)**

**Sol.** 1955 সালে ভারত সরকার, ভারতীয় নাগরিকত্ব আইনটি পাস করেন। এই আইনে ভারতীয় নাগরিকত্ব অর্জনের ক্ষেত্রে বিদেশীদের জন্য দুটি উপায়ের ব্যবস্থা করা হয়।

**S2. Ans.(a)**

**Sol.** যে সব প্রাণী সুদূর অতীতে উৎপত্তি লাভ করে আজও অঙ্গসংস্থানিক ও শারীরবৃত্তীয় কাজের অপরিবর্তিত রূপ নিয়ে পৃথিবীতে বেঁচে আছে তাদেরকে জীবন্ত জীবাশ্ম বলে। এর উদাহরণ হল লিমুলাস, পেরিপাটাস, স্ফেনোডন, ল্যাটিমারিয়া, কোয়েলাকান্থ এবং প্লাটিপাস।

**S3. Ans.(b)**

**Sol.**

| | |
|---|---|
| 3 | 2 |
| 4 | 24 |

| | |
|---|---|
| 2 | –1 |
| –2 | 4 |

| | |
|---|---|
| 6 | 5 |
| 0 | ? |

ধরণটি হল:

$3 \times 2 \times 4 = 24$

$2 \times (-2) \times (-1) = 4$

$6 \times 5 \times 0 = \mathbf{0}$

**S4. Ans.(b)**

**Sol.** প্রাচীন সংস্কৃত গ্রন্থে 'যবনপ্রিয়' বলতে গোলমরিচকে বোঝানো হত। এটি পিপারাসি গোত্রের পিপার গণের একটি লতাজাতীয় উদ্ভিদ। এই উদ্ভিদের ফলটিকে শুকনো করে, মশলা হিসাবে ব্যবহার করা হয়।

**S5. Ans.(b)**

**Sol.** 1976 সালের 42 তম সংবিধান সংশোধনের মাধ্যমে ভারতীয় সংবিধানে মৌলিক কর্তব্যগুলিকে অন্তর্ভুক্ত করা হয়েছে। পরবর্তীকালে 2002 সালে 86তম সাংবিধানিক সংশোধনী আইনের মাধ্যমে আরও কয়েকটি মৌলিক কর্তব্যকে এর সাথে অন্তর্ভুক্ত করা হয়েছে।

**S6. Ans.(c)**

**Sol.** books are old - 253 ..... (I)

man is old - 546 ..... (II)

buy good books - 378 ...... (III)

(I) এবং (III) তে books রয়েছে। সুতরাং books এর সংকেত হল 3। (I) এবং (II) তে old রয়েছে। সুতরাং old এর সংকেত হল 5। তাহলে (I) থেকে বোঝা যাচ্ছে যে are -এর সংকেত হল 2।

**S7. Ans.(b)**

**Sol.** ইংরেজ সরকার কর্তৃক প্রদত্ত যে উপাধিটি মহাত্মা গান্ধী অসহযোগ আন্দোলনের সময় বর্জন করেন সেটি হল কাইজার-এ-হিন্দ। ভারত সম্রাট, জনসেবার ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকার জন্য তাঁকে এই উপাধিটি প্রদান করেন।

**S8. Ans.(b)**

**Sol.** ধরি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য = x একক

কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{2}$ x একক

ক্ষেত্রফল = $x^2$ বর্গ একক

এখন কর্ণ দ্বিগুণ হলে, কর্ণ = $2\sqrt{2}$ x একক


বাহুর দৈর্ঘ্য = $\frac{2\sqrt{2}\,x}{\sqrt{2}}$ = 2x একক

ক্ষেত্রফল = $(2x)^2 = 4x^2$ বর্গ একক

সুতরাং ক্ষেত্রফল চারগুণ হবে।

**S9. Ans.(a)**
**Sol.** পাইনাস অপুষ্পক উদ্ভিদের উদাহরণ নয়। অপুষ্পক উদ্ভিদেরা স্পোর বা রেণু সৃষ্টির মাধ্যমে তাদের প্রজনন কাজ সম্পন্ন করে। এদের সমাঙ্গ দেহী উদ্ভিদ বলে। এই সকল উদ্ভিদে ফুল ও ফল কোনোটাই হয় না।

**S10. Ans.(b)**
**Sol.**




একদম বাঁদিকে G দাঁড়িয়ে আছে।


**S11. Ans.(d)**
**Sol.** টোডরমল অর্থনীতির সঙ্গে যুক্ত ছিলেন। তিনি সম্রাট আকবরের শাসনকালে মুঘল সাম্রাজ্যের প্রথম অর্থমন্ত্রী ছিলেন। তাঁর রাজস্ব আদায়ের ব্যবস্থা টোডরমলের বন্দোবস্ত নামে পরিচিতি।

**S12. Ans.(a)**
**Sol.** 2055 কে 27 দ্বারা ভাগ করলে 3 ভাগশেষ থাকে। সুতরাং 2055-এর সঙ্গে (27 - 3) = 24 সংখ্যাটি যোগ করলে, যোগফল 27 দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে।

**S13. Ans.(d)**
**Sol.** যে দুজন মোগল সম্রাট আত্মজীবনী লিখেছিলেন, তাঁরা হলেন বাবর ও জাহাঙ্গীর। বাবর ছিলেন মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা এবং তাঁর রচিত আত্মজীবনীর নাম হল বাবরনামা। জাহাঙ্গীর ছিলেন চতুর্থ মুঘল সম্রাট। তাঁর রচিত আত্মজীবনীর নাম হল জাহাঙ্গীরনামা।

**S14. Ans.(a)**
**Sol.** অনির্বাণ লাহিড়ী হলেন একজন ভারতীয় গলফ খেলোয়াড়। এটি একটি ক্লাব ও বলের খেলা, যেখানে খেলোয়াড়রা ক্লাবের সাহায্যে বলটিকে নির্দিষ্ট গর্তে ফেলার চেষ্টা করেন। গল্ফ খেলোয়াড়দের গল্ফার বলা হয়।

**S15. Ans.(b)**
**Sol.**




জ্যামিতিক চিত্রের মাধ্যমে বোঝা যাচ্ছে যে 4 সবকটি চিত্রেই আছে।

**S16. Ans.(a)**
**Sol.** পার্থক্য = $P\left(\frac{r}{100}\right)^2$

➔ $122 = P\left(\frac{5}{100}\right)^2$

➔ $P = \frac{122 \times 100 \times 100}{5 \times 5}$

➔ P = 48800 টাকা

**S17. Ans.(c)**
**Sol.** বিকল্প c হল সঠিক চিত্র।


**S18. Ans.(b)**
**Sol.** কালা রামচন্দ্রন গুরুগ্রাম শহরের প্রথম মহিলা পুলিশ কমিশনার রূপে নিযুক্ত হয়েছেন। 2022 সালের 15ই ফেব্রুয়ারি তাকে প্রথম মহিলা কমিশনার হিসাবে গুরুগ্রামে নির্বাচিত করা হয়।

**S19. Ans.(a)**
**Sol.** A + B = C + D
A – D = C – B ...(I)
A + D > B + C ....(II)
A – D – A – D > C – B – B – C
➔ - 2D > -2B
➔ D > B
সুতরাং B > D টি ভুল।

**S20. Ans.(d)**
**Sol.** নরওয়ে দেশটিকে 'নিশীথ সূর্যের দেশ' বলা হয়। নরওয়ে দেশটিতে গভীররাত বা মধ্যরাতে সূর্যকে দেখতে পাওয়া যায়।

**S21. Ans.(a)**
**Sol.** ধরি শার্টের ক্রয়মূল্য x টাকা
প্রশ্নানুসারে,
863 – x = x – 631
➔ x + x = 863 + 631
➔ 2x = 1494
➔ x = 747 টাকা

**S22. Ans.(b)**
**Sol.**



এই চিত্রে 28 টি ত্রিভুজ আছে।

**S23. Ans.(d)**
**Sol.** সাতবাহন বংশের শ্রেষ্ঠ সম্রাট বা নৃপতি ছিলেন গৌতমীপুত্র সাতকর্ণী। তাঁর প্রচলিত মুদ্রা, শিলালিপি এবং পুরাণের রাজকীয় বংশতালিকা থেকে গৌতমীপুত্র সাতকর্ণী সম্পর্কে বিভিন্ন বিস্তারিত তথ্য পাওয়া যায়।

**S24. Ans.(c)**
**Sol.** 14785 – 358 – 4158 – 9514
= 14785- (358+4158+9514)
=14785-14030
= 755

**S25. Ans.(b)**
**Sol.** 1792 সালে টিপু সুলতান ও লর্ড কর্নওয়ালিসের মধ্যে শ্রীরঙ্গপত্তনমের সন্ধি স্বাক্ষরিত হয়েছিল। এই সন্ধি স্বাক্ষরের ফলে টিপু সুলতানের রাজ্যের অর্ধেক অংশ তাঁর হস্তচ্যুত হয়ে যায় এবং দক্ষিণ ভারতে ইংরেজদের রাজ্য, শক্তি ও প্রভাব যথেষ্ট পরিমাণে বৃদ্ধি পায়।

**S26. Ans.(a)**
**Sol.** প্রকৃতিতে মুক্ত অবস্থায় প্রাপ্ত সালফারকে জিপসাম বলা হয়। এটি একটি নরম সালফেট খনিজ, যা ক্যালসিয়াম সালফেট ডাইহাইড্রেট দিয়ে গঠিত। নির্মাণ শিল্পে এটিকে ব্যবহার করা হয়ে থাকে।

**S27. Ans.(d)**
**Sol.** একটি মানচিত্রে যে রেখার দ্বারা সমান বৃষ্টিপাত সমন্বিত স্থানগুলিকে নির্দেশ করা হয়, তার নাম হল আইসোহোয়েট।

**S28. Ans.(c)**
**Sol.** 392 এর উৎপাদক হল = $2 \times 2 \times 2 \times 7 \times 7$
সুতরাং 392 কে 2 দ্বারা গুণ করলে একটি পূর্ণবর্গ সংখ্যা হবে।

**S29. Ans.(d)**
**Sol.**

| | | |
|---|---|---|
| 7 | 4 | 5 |
| 8 | 7 | 6 |
| 3 | 3 | ? |
| 29 | 19 | 31 |

$7 \times 3 + 8 = 29$
$4 \times 3 + 7 = 19$
$5 \times ? + 6 = 31$
সুতরাং ? চিহ্নে **5** বসবে।

**S30. Ans.(d)**
**Sol.** অ্যাক্সনের সবথেকে বাইরের আবরণটির নাম হল নিউরোলেমা। নিউরোলেমা পরিবেষ্টিত অ্যাক্সনকে বলা হয় স্নায়ুতন্তু।

**S31. Ans.(d)**
**Sol.** প্রদত্ত বাক্য থেকে বোঝা যাচ্ছে যে 'দোকানে সস্তা পোশাকও পাওয়া যায়' এই সিদ্ধান্তটি সঠিক।

**S32. Ans.(a)**
**Sol.** ভিটামিন - D এর অভাবজনিত কারণে রিকেট রোগ হয়। এটি এমন একটি অবস্থা যার ফলে শিশুদের হাড় দুর্বল বা নরম প্রকৃতির হয়ে যায়। এই রোগের ফলে শিশুদের পা বেঁকে যায়, বৃদ্ধি বন্ধ হয়ে যায়, হাড়ে ব্যথা অনুভূত হয়, এবং ঘুমের সমস্যা ইত্যাদি দেখা দেয়।

**S33. Ans.(b)**
**Sol.** 104 : 78 = 4 : 3
96 : 80 = 6 : 5
64 : 48 = 4 : 3
80 : 60 = 4 : 3
সুতরাং অসম সংখ্যাজোড়টি হল 96 : 80 ।

**S34. Ans.(d)**
**Sol.** রেলওয়ে স্টাফ কলেজ ভদোদরায় অবস্থিত।

**S35. Ans.(b)**
**Sol.** সম্ভাব্য সময় = $7 \times \frac{12}{1.5} \times \frac{12}{28} = 24$ দিন

**S36. Ans.(c)**
**Sol.** কাগজের দহন হল একটি রাসায়নিক পরিবর্তনের উদাহরণ। কাগজের দহনের ফলে কাগজটি পুড়ে ছাই-এ রূপান্তরিত হয়ে যায়। রাসায়নিক পরিবর্তনের ফলে এক বা একাধিক পদার্থ একটি ভিন্ন বা নতুন পদার্থে পরিণত হয়। সুতরাং কাগজের দহন হল একটি রাসায়নিক পরিবর্তনের উদাহরণ।


**S37. Ans.(d)**
**Sol.** ধরি সাধারণ গুণিতক হল x
A -এর বর্তমান বয়স = 5x বছর
B -এর বর্তমান বয়স = 6x বছর
7 বছর পর A এর বয়স = (5x + 7) বছর
7 বছর পর B এর বয়স = (6x + 7) বছর
প্রশ্নানুসারে,
$\frac{(5x+7)}{(6x+7)} = \frac{6}{7}$
➔ 35x + 49 = 36x + 42
➔ x = 7
A -এর বর্তমান বয়স = 5 × 7 = 35 বছর

**S38. Ans.(d)**
**Sol.** গ্রামোন্নয়ন কেন্দ্রীয় মন্ত্রক " প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা' প্রকল্পটিকে বাস্তবায়িত করেন।

**S39. Ans.(d)**
**Sol.** $Y \times \frac{56}{100} = 182$
➔ $Y = 182 \times \frac{100}{56}$
➔ Y = 325

**S40. Ans.(b)**
**Sol.** ভারতবর্ষ নিম্নলিখিতের মধ্যে ইরাক দেশটি থেকে সর্বাধিক অপরিশোধিত তেল আমদানি করে থাকে। এটি হল একটি মধ্যপ্রাচ্যের রাষ্ট্র।

**S41. Ans.(d)**
**Sol.** উদ্ভিদ দেহে ট্রপিক চলন নিয়ন্ত্রণকারী হরমোনটির নাম হল অক্সিন হরমোন। এই হরমোনের রাসায়নিক নাম হল ইন্ডোল অ্যাসিটিক অ্যাসিড। এই হরমোন মূলত উদ্ভিদের বৃদ্ধিকে নিয়ন্ত্রণ করে।

**S42. Ans.(a)**
**Sol.**


সুনিতা শুরুতে উত্তরদিকে 4 কিমি দূরত্ব গিয়েছিল।

**S43. Ans.(b)**
**Sol.** কোষের তড়িচ্চালক বলের একক হল ভোল্ট। তড়িচ্চালক বল ছাড়াও এসআই পদ্ধতিতে তড়িৎ বিভব প্রভেদ , ভোল্টেজ, ও বৈদ্যুতিক বিভবের একক হল ভোল্ট।

**S44. Ans.(d)**
**Sol.** A একদিনে কাজ করে = $\frac{1}{12}$ অংশ
A এবং B একত্রে একদিনে কাজ করে = $\frac{1}{8}$ অংশ
B একা একদিনে কাজ করে = $\frac{1}{8} - \frac{1}{12} = \frac{1}{24}$ অংশ
B এই কাজটি $\frac{1}{\frac{1}{24}}$ = 24 দিনে সমাপ্ত করবে।


**S45. Ans.(a)**
**Sol.** এশিয়ার দীর্ঘতম নদীর নাম হল ইয়াং-সি-কিয়াং নদী। নদীটি চীনে অবস্থিত এবং এটির উৎসস্থল হল তিব্বত মালভূমি। ইয়াং-সি-কিয়াং নদীটি পূর্ব চীন সাগরে পতিত হয়েছে।


**S46. Ans.(d)**
**Sol.** CUMBERSOME শব্দটির বর্ণগুলি নিয়ে MERCY শব্দটি তৈরি করা যাবে না। কারণ প্রদত্ত শব্দে Y নেই।

**S47. Ans.(d)**
**Sol.** সম্রাট অজাতশত্রু 'কুনিক' নামে পরিচিত ছিলেন। তিনি হর্যঙ্ক রাজবংশের রাজা ছিলেন। তাঁর শাসনকালে হর্যঙ্ক রাজবংশ সর্বাধিক বিস্তার লাভ করে।

**S48. Ans.(d)**
**Sol.** বিখ্যাত নৃত্যশৈলী 'সালসা'র উদ্ভব হয় মধ্য আমেরিকার একটি দেশ কিউবাতে। সালসা হল অন্যতম জনপ্রিয় একটি ল্যাটিন নৃত্য। সালসা নৃত্যের দুটি প্রধান শৈলী হল রৈখিক এবং বৃত্তাকার।

**S49. Ans.(c)**
**Sol.**




7 + 3 + 12 + 14 = 36
16 + ? + 11 + 9 = 54
➔ ? = 54 – 16 – 11 – 9 = **18**

**S50. Ans.(b)**
**Sol.** Blood-এর অধ্যয়নকে বলা হয় Haematology। একইভাবে, Algae অধ্যয়নকে বলা হয় Phycology। তাই, Algae সঠিক উত্তর।

**S51. Ans.(c)**
**Sol.** ভারতের জাতীয় বিমানসংস্থা, এয়ার ইন্ডিয়া সরকারিভাবে টাটা গ্রুপকে হস্তান্তরিত করা হয়েছে।

**S52. Ans.(b)**
**Sol.** ধরি বাসের গতিবেগ x কিমি/ঘন্টা
প্রশ্নানুসারে,
$20\ (30 - x) \times \frac{5}{18} = 40 + 60$
➔ $(30 - x) = \frac{100 \times 18}{5 \times 20}$
➔ $(30 - x) = 18$
➔ $x = 30 - 18$
➔ x = 12 কিমি/ঘন্টা
সুতরাং বাসটির গতিবেগ 12 কিমি/ঘন্টা ছিল।

**S53. Ans.(c)**
**Sol.** বাংলার শেষ স্বাধীন নবাব সিরাজউদ্দৌলার এবং ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির সাথে 1757 সালর 23 শে জুন পলাশির প্রান্তরে পলাশির যুদ্ধ সংঘটিত হয়েছিল। এই যুদ্ধে ইংরেজ কোম্পানি জয়লাভ করে এবং ভারতবর্ষে ব্রিটিশ শাসন প্রতিষ্ঠার পথ সুগম হয়।

**S54. Ans.(a)**
**Sol.** আয়তক্ষেত্রাকার জমির দৈর্ঘ্য $= 34 \times \frac{6}{6-5} = 34 \times \frac{6}{1} = 204$
আয়তক্ষেত্রাকার জমির প্রস্থ $= 34 \times \frac{5}{6-5} = 34 \times \frac{5}{1} = 170$
আয়তাকার জমিটির পরিসীমা = 2 × (204 + 170) = 2 × 374 = 748 মিটার

**S55. Ans.(c)**
**Sol.** ধরি সংখ্যাটি হল x
প্রশ্নানুসারে,
$x \times \frac{1}{5} \times \frac{2}{5} \times \frac{3}{4} = 249.6$
➔ $x = 249.6 \times \frac{5}{1} \times \frac{9}{2} \times \frac{4}{3}$
➔ x = 7488
সংখ্যাটি হল = 7488
সংখ্যাটির 50% = $7488 \times \frac{50}{100}$
= 3744

**S56. Ans.(c)**
**Sol.** $[(12)^2 \times (14)^2] \div (16)^2$
$= \frac{12 \times 12 \times 14 \times 14}{16 \times 16}$
= 110.25


**S57. Ans.(b)**
**Sol.** কুষাণ সম্রাট কনিষ্ক, অশ্বঘোষের কাছে বৌদ্ধধর্মের দীক্ষা লাভ করেন।

**S58. Ans.(b)**
**Sol.** ইংরেজি বর্ণমালাকে Z থেকে A এই ক্রমে বিপরীতভাবে লেখা হয়।
Z Y X W V U T S R Q P O N M L K J I H G F E D C B A
ডানদিকে অষ্টম স্থান
তাহলে 'O' এর ডানদিকে অষ্টম স্থানে G বর্ণ থাকবে।

**S59. Ans.(d)**
**Sol.** বি. সি. রায় পুরস্কার চিকিৎসাশাস্ত্র বিভাগে দেওয়া হয়। 1962 সালে মেডিকেল কাউন্সিল অফ ইন্ডিয়া দ্বারা ডাঃ. বি. সি. রায়ের স্মৃতির উদ্দেশ্যে এই পুরস্কারটি প্রদান করা শুরু হয়েছিল।

**S60. Ans.(b)**
**Sol.** সমুদ্রগুপ্তের যুদ্ধজয়ের বিবরণী হরিষেনের রচিত 'এলাহাবাদ প্রশস্তি' থেকে জানতে পারা যায়। এই শিলালিপিটিতে সমুদ্রগুপ্তের একটি স্তব এবং সমুদ্রগুপ্তের বিজয় এবং গুপ্ত সাম্রাজ্যের সীমানা সম্পর্কিত তথ্যগুলি উল্লেখ রয়েছে।

**S61. Ans.(d)**
**Sol.**



বিকল্প d সঠিক প্রতিচিত্র।

**S62. Ans.(b)**
**Sol.** মোট দূরত্ব = 100 + 120 = 220 মিটার
আপেক্ষিক গতিবেগ = $\frac{220}{6} \times \frac{18}{5} = 132$ কিমি/ঘন্টা
দ্বিতীয় ট্রেনটির গতিবেগ = 132 – 50 = 82 কিমি/ঘন্টা

**S63. Ans.(a)**
**Sol.** ভারত সরকার ইউক্রেন থেকে ভারতবাসীদের ফিরিয়ে আনার জন্য, যে অপারেশনটি চালাচ্ছেন তার নাম হল অপারেশন গঙ্গা। এটি ভারত সরকারের একটি চলমান অপারেশন। 2022 সালের 1লা মার্চে ভারতীয় বিমান বাহিনীকে এই অপারেশনের আওতায় আনা হয়।


Adda247 বাংলা

**S64. Ans.(c)**
**Sol.** যদি আমি জানতে পারি যে আমার ঊর্ধ্বতন কর্তৃপক্ষ উচ্চতর কর্তৃপক্ষকে একটি মিথ্যা রিপোর্ট দিচ্ছে, তখন আমি ঊর্ধ্বতন ব্যক্তির সঙ্গে সরাসরি দেখা করে তাঁর কাজের প্রতিবাদ করব।


**S65. Ans.(b)**
**Sol.** (– 251 × 21 × – 12) ÷ ? = 158.13
➔ 63252 ÷ ? = 158.13
➔ $\frac{63252}{?}$ = 158.13
➔ ? = $\frac{63252}{158.13}$
➔ ? = 400

**S66. Ans.(d)**
**Sol.** তেজস্ক্রিয় 'রেডিয়াম' আবিষ্কার করেন বৈজ্ঞানিক মেরী কুরী। তিনিই প্রথম মহিলা বিজ্ঞানী যিনি নোবেল পুরস্কার লাভ করেন। তিনি এককভাবে 1911 সালে রসায়নে নোবেল পুরস্কার লাভ করেন।

**S67. Ans.(d)**
**Sol.**




একইভাবে,




**S68. Ans.(b)**
**Sol.** ইংরেজ গভর্নর ওয়ারেন হেস্টিংস 'পাঁচসালা বন্দোবস্ত' প্রবর্তন করেন। এই ব্যবস্থাটি ছিল পাঁচ বছরের মেয়াদে জমিদার বা ইজারাদারদের সাথে ভূমি বন্দোবস্ত করার একটি নীতি।

**S69. Ans.(c)**
**Sol.** আয়তনের নিরিখে পৃথিবীর বৃহত্তম দেশটি হল রাশিয়া। এই দেশটি ইউরোপ এবং এশিয়া এই দুটি মহাদেশেই অবস্থিত হওয়ার কারণে এটি ইউরোশিয়া নামে পরিচিত। জনসংখ্যার দিক থেকে এই দেশটির স্থান হল নবম তম।

**S70. Ans.(d)**
**Sol.** $\sqrt[3]{148877} = \sqrt[3]{53 \times 53 \times 53} = 53$

**S71. Ans.(d)**
**Sol.** মরু অঞ্চলে পর্বতের পাদদেশে বায়ুপ্রবাহ ও জলধারার মিলিত কার্যের ফলে নানা রকম ভূমিরূপ গঠিত হয়, এদের মধ্যে প্রধান একটি ভূমিরূপ হল বাজাদা। বাজাদা সমভূমির ঢাল মৃদু প্রকৃতির হয়ে থাকে। আফ্রিকার সাহারা মরুভূমির উত্তর-পশ্চিমে অ্যাটলাস পর্বতের পাদদেশে বাজাদা ভূমিরূপ দেখতে পাওয়া যায়।

**S72. Ans.(c)**
**Sol.** বিকল্প c এর চিত্রটি সঠিক।

**S73. Ans.(d)**
**Sol.**




শুধুমাত্র I এবং III গ্রহণ করা যায়।


**S74. Ans.(b)**
**Sol.** ক্যারাকাস হল ভেনেজুয়েলা দেশটির রাজধানী। এটি দেশের উত্তরাঞ্চলে অবস্থিত। দেশটির অন্যতম প্রধান অর্থনৈতিক ও সাংস্কৃতিক কেন্দ্র হিসেবে এই ক্যারাকাস শহরের অবদান গুরুত্বপূর্ণ।

**S75. Ans.(c)**
**Sol.** বিকল্প c এর চিত্রটি সঠিক।

**S76. Ans.(d)**
**Sol.** 'দ্য রিপাবলিক' গ্রন্থের রচিয়তা হলেন প্লেটো। প্লেটো হলেন একজন গ্রিক দার্শনিক। তিনি তাঁর এই রচিত গ্রন্থে সক্রেটিস এর দর্শন মতবাদগুলিকে তুলে ধরেন।

**S77. Ans.(b)**
**Sol.** ব্যারোমিটার যন্ত্রটির আবিষ্কর্তা হলেন টরিসেলী। বায়ুমন্ডলীয় চাপ পরিমাপের জন্য এই ব্যারোমিটার যন্ত্রটি ব্যবহার করা হয়। টরিসেলী ছিলেন একজন বিখ্যাত ইতালীয় গণিতবিদ এবং পদার্থবিজ্ঞানী।

**S78. Ans.(c)**
**Sol.**




$8 \times 2 + 1 = 17$

$8 \times 137 + 1 = 1097$

**S79. Ans.(a)**
**Sol.** বেঙ্গালুরু শহর 'ভারতের ইলেকট্রনিক শহর' নামে পরিচিত। এটি একটি গুরুত্বপূর্ণ তথ্য প্রযুক্তি কেন্দ্র। ইলেকট্রনিক সিটিতে আইটি তথা জৈব প্রযুক্তি প্রধান কেন্দ্র ইনফোসিস, উইপ্রো, টিসিএস, এইচসিএল, টেক মাহিন্দ্রা, বায়োকন ইত্যাদি সংস্থার প্রধান ক্যাম্পাসগুলি এখানে অবস্থিত।

**S80. Ans.(c)**
**Sol.** ধরি মূল ভগ্নাংশটি হল $\frac{x}{y}$
প্রশ্নানুসারে,
$\frac{x+(x\times200\%)}{y+(y\times120\%)} = \frac{4}{11}$
➔ $\frac{x+2x}{y+1.2y} = \frac{4}{11}$
➔ $\frac{3x}{2.2y} = \frac{4}{11}$
➔ $\frac{x}{y} = \frac{4}{11} \times \frac{2.2}{3}$
➔ $\frac{x}{y} = \frac{4}{15}$

**S81. Ans.(b)**
**Sol.** চা থেকে ভারত সবথেকে বেশি বৈদেশিক মুদ্রা আয় করে।

**S82. Ans.(b)**
**Sol.** স্যার টমাস রো মোগল সম্রাট জাহাঙ্গীরের রাজসভায় আসেন। তিনি 1615 সালে রাজা প্রথম জেমসের দূত হিসেবে জাহাঙ্গীরের দরবারে আসেন।

**S83. Ans.(d)**
**Sol.** 80 টি মোবাইল ফোনের দাম = 80 × 30000 = 2400000 টাকা
78 টি মোবাইল ফোনের দাম = 78 × 29500 = 2301000 টাকা
সর্বোচ্চ ও সর্বনিম্ন মোবাইলের দাম = 2400000 – 2301000 = 99000 টাকা
সবথেকে কম দামি মোবাইল ফোনটির দাম = 99000 – 80000 = 19000 টাকা

**S84. Ans.(c)**
**Sol.** ধরি আমানতের পরিমাণ p টাকা
সময় = t বছর
সুদের হার = $6\frac{1}{4}\% = \frac{25}{4}\%$
সরল সুদ = 2p – p = p টাকা
p = $\frac{p\times t\times25}{100\times4}$
➔ t = $\frac{p\times100\times4}{p\times25}$
➔ t = 16 বছর

**S85. Ans.(b)**
**Sol.** 1, 3 এবং 4 বাক্স তৈরি হওয়া সম্ভব।

**S86. Ans.(b)**
**Sol.** প্রথম ছাড়ের পর মূল্য = 100 – (100 × $\frac{10}{100}$) = 100 – 10 = 90 টাকা
দ্বিতীয় ছাড়ের পর মূল্য = 90 – (90 × $\frac{20}{100}$) = 90 – 18 = 72 টাকা
মোট ছাড় = 100 – 72 = 28 টাকা
শতকরায় মোট ছাড় = $\frac{28}{100}$ × 100 = 28%

**S87. Ans.(a)**
**Sol.** পৃথিবীর শুষ্কতম স্থানটি দক্ষিণ আমেরিকা মহাদেশ অবস্থিত। এটি পৃথিবীর চতুর্থ বৃহত্তম মহাদেশ। উত্তর আমেরিকা মহাদেশটি উত্তরে পানামা স্থল যোজকের মাধ্যমে মধ্য ও উত্তর আমেরিকার সাথে সংযুক্ত।

**S88. Ans.(c)**
**Sol.** রিতার দিকে দেখিয়ে নিখিল বলল, 'আমি ওর মায়ের ছেলের একমাত্র ছেলে'। রিতা নিখিলের পিসিমা হয়।

**S89. Ans.(b)**
**Sol.** 'ভারতের আত্মা' গ্রন্থটির রচয়িতা হলেন বিপিন চন্দ্র পাল। এছাড়াও তিনি 'ভারতীয় জাতীয়তাবাদ', 'জাতীয়তা এবং সাম্রাজ্য', 'স্বরাজ এবং বর্তমান পরিস্থিতি', 'সমাজ সংস্কারের ভিত্তি' প্রভৃতি ইংরেজি বই লিখেছেন। তিনি 1906 সালে বন্দেমাতরম পত্রিকা প্রকাশ করেন এবং 1908 সালে তিনি স্বরাজ নামে আরও একটি পত্রিকা সম্পাদনা করেন।

**S90. Ans.(d)**
**Sol.** প্রথম 30 টি অখণ্ড সংখ্যার যোগফল = $\frac{n(n+1)}{2}$ = $\frac{30(30+1)}{2}$ = $\frac{15\times31}{2}$ = 465

**S91. Ans.(d)**
**Sol.** বিখ্যাত চলচ্চিত্র 'রসোমন' -এর পরিচালক হলেন আকিরা কুরোশাওয়া।

**S92. Ans.(b)**
**Sol.** লোকসভার বর্তমান স্পিকার হলেন ওম বিড়লা। তিনি একজন ভারতীয় রাজনীতিবিদ। যিনি লোকসভার 17 তম স্পিকার।তিনি ভারতীয় জনতা পার্টির একজন অন্যতম সদস্য।

**S93. Ans.(d)**
**Sol.** অনুপাত হল = $\frac{A}{2}=\frac{B}{3}=\frac{C}{4}$
➔ A : B : C = 2 : 3 : 4
A পাবে = 81 × $\frac{2}{9}$ = 18টাকা
B পাবে = 81 × $\frac{3}{9}$ = 27 টাকা
C পাবে = 81 × $\frac{4}{9}$ = 36 টাকা

**S94. Ans.(d)**
**Sol.** 'দময়ন্তী' শীর্ষ চিত্রটি বিখ্যাত শিল্পী রাজা রবি বর্মার অনবদ্য এক সৃষ্টি।

**S95. Ans.(c)**
**Sol.** $\frac{17}{18}$ = 0.9444
$\frac{10}{11}$ = 0.9090
17 : 18 বৃহত্তর।

**S96. Ans.(b)**
**Sol.** 1992 সালে 73 তম ভারতীয় সংবিধান সংশোধনীর মাধ্যমে পঞ্চায়েতী রাজ ব্যবস্থাকে অন্তর্ভুক্ত করা হয়।

**S97. Ans.(b)**
**Sol.** 729 মিলি একটি মিশ্রণে দুধ আছে = 729 × $\frac{7}{9}$ = 567 মিলি
729 মিলি একটি মিশ্রণে জল আছে = 729 × $\frac{2}{9}$ = 162 মিলি
নতুন মিশ্রনে জল আছে = 567 × $\frac{3}{7}$ = 243 মিলি
জল মেশানো হয়েছে = 243 – 162 = 81 মিলি

**S98. Ans.(c)**
**Sol.** মেঘালয়ের রাজধানীর নাম হল শিলং। এটি মেঘালয় রাজ্যের পূর্বে অবস্থিত খাসি পাহাড় জেলার একটি শহর ও পৌরসভা এলাকা। এটি পূর্বে "প্রাচ্যের স্কটল্যান্ড" নামে পরিচিত ছিল। এই স্থানে প্রচুর পরিমাণে বৃষ্টিপাত হয়।

**S99. Ans.(c)**
**Sol.** বিকল্পগুলি থেকে
18 + 6 – 4 × 2 ÷ 3 [+ = ×, – = ÷, × = +, ÷ = – বসিয়ে পাই]
= 18 × 6 ÷ 4 + 2 – 3
= 108 ÷ 4 + 2 – 3
= 27 + 2 – 3
= 29 – 3 = 26

**S100. Ans.(c)**
**Sol.** RNA -র সম্পূর্ণ রূপটি হল রাইবোনিউক্লিক অ্যাসিড। রাইবোজোম এবং DNA - এর মধ্যে রাইবোনিউক্লিক অ্যাসিড বা RNA -এ বার্তাবহের ভূমিকা পালন করে।